



প্রেম নয় সরাসরি বিয়ে করতে চায়: অভিনেত্রী দুরেফিশান



সংগৃহীত ছবি

পাকিস্তানের জনপ্রিয় অভিনেত্রী দুরেফিশান সেলিম সাম্প্রতিক সময়ে ব্যক্তিগত জীবন নিয়ে আলোচনায় রয়েছেন। ‘দিল রুবা’ নাটকে পার্শ্বচরিত্রে অভিনয়ের মাধ্যমে আত্মপ্রকাশের পর, তিনি দ্রুত দর্শকের মন জয় করেছেন।

ইশক মুরশিদ’ নাটকে বিলাল আব্বাস খান—এর বিপরীতে ‘শিব্রা শাহমীর’ চরিত্রে অভিনয় করে তিনি শুধু পাকিস্তানেই নয়, বাংলাদেশেও জনপ্রিয়তা পেয়েছেন।

সাম্প্রতিক সময়ে সামাজিক মাধ্যমে বিলাল আব্বাস খানের সঙ্গে তার প্রেম ও বিয়ে নিয়ে গুঞ্জন ছড়িয়ে পড়েছে। ঠিক এই সময় তার এক পুরনো সাক্ষাৎকার ভাইরাল হয়েছে।

উপস্থাপকের প্রশ্ন ছিল, “প্রেম সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গি কী?” তখন দুরেফিশান উত্তরে বলেন, “আমি কখনো প্রেমের সম্পর্কের মধ্যে যাবো না। সরাসরি বিয়ে করবো।”

এর মাধ্যমে স্পষ্ট হলো, ব্যক্তিগত জীবনে তিনি সম্পর্কের চেয়ে প্রতিশ্রুতিকে বেশি গুরুত্ব দেন।

সম্প্রতি তিনি ‘সানওয়াল ইয়ার পিয়া’ নাটকে ফিরোজ খান ও আহমদ আলী আকবর—এর সঙ্গে অভিনয় করেছেন, যা তার প্রথম কাজ এই দুই অভিনেতার সঙ্গে।